

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইপ-১ শাখা  
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.৫২০০.০১৭.৯৯.০০১.১৬. ২০৮৪

তারিখ : ০১ পৌষ, ১৪২৩ বঙ্গাব্দ।  
১৫ ডিসেম্বর, ২০১৬ খ্রিঃ।

বিষয় : লালমনিরহাট সদর উপজেলার ৮নং গোকুন্ডা ইউনিয়ন পরিষদের কমপ্লেক্স ভবন সংলগ্ন মাঠ বর্গাকার এবং বাউন্ডারী ওয়াল নির্মাণের স্বার্থে প্রয়োজনীয় জমি এওয়াজ বদল করার বিষয়ে তথ্যাদি প্রেরণ।

সূত্র : জেলা প্রশাসক, লালমনিরহাট কার্যালয় এর স্মারক নং-৪৪৬, তারিখ : ০৩.১১.২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকে প্রেরিত পত্রের বিষয়টি নিষ্পত্তির লক্ষ্যে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এবং স্থানীয় সরকার (সম্পত্তি) বিধিমালা, ২০১২ যথাযথভাবে অনুসরণপূর্বক নিম্নোক্ত তথ্যাদিসহ প্রস্তাব প্রস্তুত করে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

- ইউনিয়ন পরিষদ (সম্পত্তি) বিধিমালা, ২০১২ এর বিধি ৪(৩) অনুযায়ী পরিষদ কর্তৃক গঠিত কারিগরি কমিটি এর মাধ্যমে প্রাক্কলিত মূল্য নির্ধারণ করে পরিষদের সভায় তিনচতুর্থাংশ সদস্যের ভোটে অনুমোদন গ্রহণ করে প্রস্তাব;
- সংশ্লিষ্ট সাব-রেজিস্ট্রি অফিসের বিগত তিন বছরের স্ব-স্ব মৌজার জমি ক্রয় বিক্রয়ের প্রত্যয়নকৃত তালিকা এবং প্রস্তাবিত ও বিদ্যমান উভয় জমির প্রকৃতি, Vicinity (নিকটবর্তী, সংলগ্ন) মূল্য তালিকা; এবং
- এওয়াজ বদলের ক্ষেত্রে প্রস্তাবিত জমিতে ইউপি চেয়ারম্যান, সদস্য, কর্মকর্তা, কর্মচারী বা তাদের কোন আত্মীয়ের বা তাদের মালিকানাধীন বা তাদের কোন আর্থিক স্বার্থ নেই মর্মে অঙ্গীকারনামা প্রেরণ।

(মোঃ মাহাবুবুর রহমান)

উপসচিব

৯৫৮৬৬০৫

Email : lgup1@lgd.gov.bd

জেলা প্রশাসক  
লালমনিরহাট।

অনুলিপি :

সহকারী পোগ্রামার,

স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।